চুয়াডাঙ্গার জীবননগরে একসঙ্গে তিন সন্তান জন্ম

চুয়াডাঙ্গার জীবননগরে আছমাউল হুসনা (২৮) নামের এক নারী একসঙ্গে তিনটি সন্তানের জন্ম দিয়ে চাঞ্চল্য সৃষ্টি করেছেন। সোমবার সকালে জীবননগর শহরের একটি ক্লিনিকে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে বাচ্চা তিনটি জন্ম হয়।

তিনি জীবননগর সুটিয়া গ্রামের আবুল কাশেমের মেয়ে এবং ঝিনাইদহ সদর উপজেলার ডেফলবাড়ি গ্রামের নজরুল ইসলামের স্ত্রী।

পারিবারিক সুত্রে জানা যায়, জীবননগর উপজেলার সুটিয়া গ্রামের আবুল কাশেমের গর্ভবতি মেয়ে আছমাউল হুসনা অসুস্থ হলে গতকাল সোমবার ভোরে জীবননগর শহরের মনোয়ারা সনো সেন্টারে ভর্তি করা হয়। দায়িত্বরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষার পর অস্ত্রোপচারের মাধ্যমে সন্তান প্রসবের সিদ্ধান্ত নেন।

অস্তোপচারের পর একে একে তিনটি সন্তানের জন্ম হয়। তিন সন্তানের দুইটি ছেলে ও একটি মেয়ে। নবজাতক দুটি ছেলের মধ্যে একটি ছেলে ইতিমধ্যে মারা গেছে।

রিপোর্ট লেখা পর্যন্ত বাচ্চার মা সুস্থ রয়েছেন। খবরটি এলাকায় বেশ চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

বায়োফ্লক পদ্ধতিতে মাছ চাষে সফল চুয়াডাঙ্গার শিক্ষিত তরুণ শাওন জোয়ার্দ্দার

পুকুর বা খাল-বিলে নয়; আধুনিক পদ্ধতিতে তৈরি করা ট্যাংকিতে মাছ চাষ হচ্ছে চুয়াডাঙ্গায়। নতুন এ পদ্ধতির নাম বায়োফ্লক। এতে স্বাস্থ্যকর পরিবেশে কম খরচে অধিক মাছের উৎপাদন করা সম্ভব। ফলে

দেশের পুষ্টি চাহিদার যোগান বৃদ্ধির পাশাপাশি আর্থিকভাবেও লাভবান হচ্ছেন উদ্যোক্তারা।

বায়োফ্লক পদ্ধতিতে মাছ চাষ করে সফলতা পেয়েছেন চুয়াডাঙ্গার হাতিকাটা গ্রামের শিক্ষিত তরুণ শাওন জোয়ার্দ্দার। তরুণ উদ্যোক্তা শাওনের হাত ধরে চুয়াডাঙ্গা জেলায় এ পদ্ধতির মাছ চাষে নতুন দিগন্তের সূচনা করেছে। অল্প জায়গায় বেশি পরিমাণে মূল্যবান মাছ চাষের ফলে অধিক লাভের আশা করছেন শাওন। তার সফলতা দেখে এলাকার অনেকেই এগিয়ে আসছে এ চাষে।

উদ্যোক্তা শাওন জোয়ার্দ্দার জানান, ঢাকায় বিবিএ পড়ার সময় ইউটিউবে বায়োফ্লক পদ্ধতিতে মাছ চাষের ভিডিও দেখে আগ্রহ জন্মায় তার মনে। এর পর লেখাপড়ার পাশাপাশি বায়োফ্লক সম্পর্কে খোঁজখবর নেন। গ্রহণ করেন প্রশিক্ষণ। তার নিজ গ্রামে শুরু করেন বায়োফ্লক পদ্ধতিতে মাছ চাষ।

শাওন আরো জানান, দেশীয় প্রজাতির শিং, কৈ, মাগুর, ট্যাংরা, পাবদাসহ বেশ কিছু মূল্যবান মাছের চাষ হচ্ছে বায়োফ্লক পদ্ধতিতে। এতে বিলুপ্তপ্রায় দেশীয় মাছের উৎপাদন আবারও বৃদ্ধি পেতে শুরু করেছে। বাজারেও তুলনামূলক কম মূল্যেই পাওয়া যাচ্ছে এসব মাছ।

শাওনের পিতা মহসিন জোয়ার্দ্দার জানান, এক হাজার কেজি মাছ ধারণ ক্ষমতা সম্পন একটি ট্যাংকি প্রস্তুত করতে ব্যয় হয় ৩৫/৪০ হাজার টাকা। মাছের পোনাসহ আনুসঙ্গিক খরচ হয় আরো প্রায় ৫০ হাজার টাকা। কিন্তু একটি ট্যাংকি থেকে চার মাসে প্রায় এক লাখ টাকা লাভ করা সম্ভব। পরবর্তিতে যেহেতু ট্যাংকির খরচ লাগে না সে হিসাবে পরবর্তিতে লাভের পরিমাণ আরো বাড়ে।

শাওনের সহযোগি ফরহাদ জোয়ার্দ্দার জানান, শাওনের দেখাদেখি এলাকার অনেক তরুণ বায়োফ্লক পদ্ধতিতে মাছ চাষে আগ্রহী হচ্ছেন। ইতিমধ্যেই জেলার কয়েক তরুণ শাওনের সহযোগিতায় মাছ চাষ শুরু করেছেন।

চুয়াডাঙ্গা জেলা মৎস্য কর্মকর্তা মো. মোশাররফ হোসেন জানান, বায়োফ্লক পদ্ধতির মাছ চাষ দেশের পুষ্টি চাহিদায় অসামান্য অবদান রাখবে। একই সাথে শাওনের মতো তরুণ উদ্যোক্তাদের হাত ধরেই মাছ চাষে বিপ্লব আসবে বলে তাদের ধারণা। মৎস্য বিভাগ এ প্রকল্পে আগ্রহীদের সব ধরণের সহযোগিতার আশ^◌াসও দেন মৎস্য কর্মকর্তা।

গাংনী উপজেলা স্বাস্থ্য কর্মকতাসহ আরও তিন জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় নতুন করে চার জন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে। গাংনী উপজেলা স্বাস্থ্য কর্মকতা ডা. রিয়াজুর আলম সহ নতুন করে মোট তিনজন আক্রান্তের খবর নিশ্চিত করেছেন সিভিল সার্জন। রবিবার কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ২২টি প্রাপ্ত রিপোর্টে ৪ জন পজিটিভ হয়েছেন।

সিভিল সার্জন জানান, কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে প্রাপ্ত ২২টি রিপোর্টের মধ্যে ৪ টি কোভিড-১৯ পজেটিভ পাওয়া গেছে। এর মধ্যে ৩টি নতুন ও ১ টি পুরাতন পজিটিভ কেইস।

এ নিয়ে আজ ১৫ টি সহ সর্বমোট ১৩৬০ টি নমুনা পরীক্ষা করে এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ১২২৫টি এর মধ্যে ৩০ জনের পজিটিভ রিপোর্ট পাওয়া গেছে, বাকি ১১৯৫ টি নেগেটিভ।

প্রসঙ্গত, জেলায় ৩০ জন করোনা রোগীর মধ্যে ৭ জন সুস্থ হয়েছেন। ২ জন মারা গেছেন। এখন ১৯ জন নিজ নিজ বাড়িতে চিকিৎসাধীন রয়েছেন।

মেহেরপুরে স্বাস্থ্যবিধি লঙ্ঘনের দায়ে জরিমানা

মেহেরপুরে করোনা মহামারিতে স্বাস্থ্যবিধি অমান্য করে বিকাল ৪ টার পর দোকান খোলা রাখার দায়ে দুই দোকানিকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জরিমানা করা হয়।

বুধবার বিকাল ৪ টার পরেও মেহেরপুর কাথুলী রোডের ইকবাল হাসানের হার্ডওয়ারের দোকান ও নতুন পাড়া মোড়ে আশিকের চায়ের দোকান খোলা রাখার দায়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে দুই শত টাকা করে জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট মাস্তুরা আমেনা।

গাংনীতে করোনা পজিটিভ রোগীর বাড়িতে ঔষধ সরবারহ

জীবনের ঝুঁকি নিয়ে গাংনীতে লকডাউন এ রাখা করণা পজিটিভ রোগের বাড়িতে বাড়িতে নিয়মিতভাবে ঔষধপত্র পৌঁছে দিচ্ছেন চিকিৎসকরা।

যাদের সংস্পর্শ এবং আশপাশের এলাকায় যেতে ভয় পাচ্ছে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তবুও জীবনের ঝুঁকি নিয়ে ঝুঁকি নিয়ে নিয়মিত ভাবে ঔষধ পৌঁছে দেয়ার ঘাটতি নেই তাদের।

করোনা পজেটিভ রোগীদের বাড়িতে প্রতিদিনের ন্যায় মঙ্গলবার সকালে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসকদের একটি টিম প্রতিটি পজিটিভ রোগের বাড়িতে পৌঁছে দেয়া হচ্ছে করোনা রোগীর চিকিৎসার ওষুধ। নিরাপদ দূরত্ব থেকে বলে দেয়া হচ্ছে ওষুধ সেবনের নিয়ম। নিজের সুস্থ হওয়ার জন্য চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী ওষুধ সেবন করছেন রোগীরাও।

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের আক্রান্তের হাত থেকে সাধারণ মানুষ তো মরছেই রেহাই পায়নি চিকিৎসক পুলিশ সাংবাদিকরাও। আস্তে আস্তে পেশাগত দায়িত্ব পালনে অনেকেই অনীহা প্রকাশ করলেও চিকিৎসকরা আজও রয়েছে মাঠে ময়দানে নিজ কর্মক্ষেত্রে। চিকিৎসকদের এই দায়িত্ববোধ এবং সেবা প্রদানের মহানুভবতা স্মরণে রাখার মত বলে মনে করছেন সুধীমহল। জাতির এই ক্রান্তিলগ্নে করণা পজিটিভ রোগীদের সুস্থ করার জন্য গাংনী উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে একঝাঁক তরুণ চিকিৎসক ও সেবা প্রদানে সোচ্চার রয়েছেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল আলম ও আবাসিক মেডিকেল অফিসার ডাক্তার সাদিয়া সুলতানা তরুণ চিকিৎসকদের সাথে নিয়ে সেবা দিয়ে যাচ্ছে গাংনী বাসিকে।

আবাসিক মেডিকেল অফিসার সাদিয়া সুলতানা জানান, গাংনীতে পর্যন্ত চারজন করনা পজেটিভ রোগী রয়েছে। তাদের বাড়ি লকডাউন করা হয়েছে। তাদেরকে নিয়মিত চিকিৎসা এবং স্বাস্থ্য সুরক্ষা পরামর্শ দেয়া হচ্ছে। তারা বর্তমানে খুবই ভালো আছে। তবে তারা দ্রুত সুস্থ হয়ে উঠবেন বলেও তিনি আশাবাদী।

ওষুধ প্রদানের সময় স্যানিটারী ইন্সপেক্টর মশিউর রহমান, স্বাস্থ সহকারি ও স্যাকমো বৃদ্ধরা উপস্থিত ছিলেন।

সাবেক স্বাস্থ্যমন্ত্রী নাসিমের করোনা পজিটিভ

সাবেক স্বাস্থ্যমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মোহাম্মদ নাসিমের করোনা পজিটিভ। সোমবার রাতে তার ছেলে সাবেক সংসদ সদস্য তানভীর শাকিল জয় এ তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে শারীরিক ‘দুর্বলতা’ নিয়ে রাজধানীর শ্যামলীর বাংলাদেশ স্পেশালাইজড হসপিটালে ভর্তি হন মোহাম্মদ নাসিম।

হাসপতালে ভর্তির পর তার করোনাভাইরাসের পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করে পাঠানো হয়। পরীক্ষায় তার করোনা পজিটিভ আসে।

বিস্তারিত আসছে…

মেহেরপুরের মুজিবনগরে মুখে মাস্ক না পরাই ৫২ জনের অর্থদণ্ড

মেহেরপুরের মুজিবনগরে ৫২ জনের কাছ থেকে ১৩ হাজার ২’শটাকা (অর্থদণ্ড) জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত। মুখে মাস্ক না থাকায় আজ সোমবার দিনভর উপজেলার বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালিয়ে এ জরিমানা আদায় করেন উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট মোঃ ওসমান গণি।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ ওসমান গণি বলেন, উপজেলার কেদারগঞ্জ দারিয়াপুর মোনাখালী বিশ্বনাথপুর গোপালপুর ও গলা কাটার মোড় এলাকায় মুখে মাস্ক ব্যবহার না করায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ৫২ জনের কাছ থেকে ১৩ হাজার ২’শ টাকা জরিমানা (অর্থদণ্ড) আদায় করা হয়। এ সময় বেশ কয়েকজনকে মৌখিকভাবে সতর্ক করা হয়।

তিনি জানান, সচেতন ও তার অংশ হিসাবে আজ মুজিবনগর উপজেলার বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালানো হয়। সরকারি নির্দেশনা বাস্তবায়নে যেকোনো পদক্ষেপ নেয়া হবে। তাই সকলকে মাস্ক ব্যবহার করতে আহ্বান জানান।

গাংনীর বামন্দিতে সুন্দরী হত্যা কান্ডে অজ্ঞাত আসামি করে মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দিতে সুন্দরী খাতুন কে হত্যা ও স্বামীকে গুরুতর জখম করে তালাবদ্ধ করে রাখার অপরাধে মামলা দায়ের

হয়েছে।

গত শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে সুন্দরী খাতুনের ভাগ্নে উপজেলার নওদা মটমুড়া গ্রামের মৃত হারান মণ্ডলের ছেলে রেজাউল হক বাদী হয়ে অজ্ঞাতনামা ব্যক্তিদের আসামি করে গাংনী থানায় একটি হত্যা ও জখম মামলা দায়ের করেন।

যার মামলা নাম্বর ২৪ তারিখ: ২৯/০৫/২০২০ ইং ধারা: ৪৪৮, ৩২৪, ৩২৬, ৩০৭, ৩০২ ও ৩৪.

এ মামলার তদন্তকারী কর্মকর্তা হলেন জেলা গোয়েন্দা শাখার পুলিশ পরিদর্শক (নিঃ) জুলফিকার আলী।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার ‘কুষ্টিয়া ব্যুরো’ অফিস উদ্বোধন

মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া ব্যুরো অফিস উদ্বোধন হয়েছে।

শনিবার বিকালে শহরের পাঁচ রাস্তা মোড়ে তমিজউদদীন সুপার মার্কেটের দোতলায় সামাজিক দুরত্ব বজায় রেখে এক সংক্ষিপ্ত আলোচনা সভা শেষে ফিতা কেটে ব্যুরো অফিস উদ্বোধন করেন লেখক ও গবেষক ড. আমানুর আমান।

এসময় তিনি বলেন, সংবাদপত্র হচ্ছে সমাজের দর্পন। সমাজ উন্নয়নে সংবাদপত্র এবং সাংবাদিকতার গুরুত্ব অপরিসীম।

তিনি বলেন, স্থানীয় কিংবা জাতীয় পত্রিকার মতো দৈনিক মেহেরপুর প্রতিদিন আঞ্চলিক বিভিন্ন সংকট, সমস্যা এবং সম্ভাবনা নিয়ে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে সাহসী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। মেহেরপুরের মতো ছোট এক জেলা থেকে পত্রিকা প্রকাশ এবং তা পাশ্ববর্তী জেলায় প্রচার প্রচারনার সত্যি আনন্দের বিষয়

বলেও উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, কুষ্টিয়ার তরুণ সাংবাদিক এসএম জামালকে পত্রিকাটির দায়িত্ব দেওয়ায় তার মাধ্যমে এই কুষ্টিয়ার উন্নয়ন ও সম্ভাবনার চিত্র তুলে ধরতে সহায়ক ভুমিকা পালন করবে। আজকের এই শুভ দিনে সৃজনশীল সংবাদ পরিবেশনের ক্ষেত্রে দৈনিক মেহেরপুর প্রতিদিন কলেবর আরো বৃদ্ধি এবং উত্তরোত্তর উন্নতি কামনা করে এই অফিসের শুভ উদ্বোধন ঘোষণা করছি।

এসময় মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন, যুগ্ম সম্পাদক আল-আমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, চীফ রিপোর্টার মুর্তজা ফারুক রুপক, মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া ব্যুরো প্রধান এসএম জামাল সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন বলেন, তিন বছরে পা দিয়েছে মেহেরপুর প্রতিদিন পত্রিকা। এটি মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহে ব্যাপক প্রচার প্রচারনা রয়েছে। এই কুষ্টিয়া ব্যুরো অফিস উদ্বোধনের মধ্য দিয়ে এ জেলার উন্নয়ন ও সম্ভাবনার কথা তুলে ধরে পাঠক প্রিয়তা পাবে বলে আমি বিশ্বাস করি।

তিনি আরও বলেন, বৈশ্বিক করোনা মহামারীতেও যখন প্রিন্ট পত্রিকার প্রকাশনা বন্ধ সেখানে প্রতিদিন এ পত্রিকাটি প্রকাশিত হয়ে আসছে। এই পত্রিকার মাধ্যমে গ্রেটার কুষ্টিয়াকে তুলে ধরতে চাই বিশ্বের দরবারে।

পত্রিকার ব্যাবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু বলেন, আঞ্চলিক পত্রিকার গুরুত্ব ব্যাপক। এসব আঞ্চলিক পত্রিকা অঞ্চল ভেদে সংবাদের গুরুত্ব তুলে ধরে থাকে। আঞ্চলিক কাগজের আলাদা একটি বৈশিষ্ট্য আছে। তাই সকলের সহযোগিতায় এই মেহেরপুর প্রতিদিন পত্রিকা আঞ্চলিক পত্রিকার স্বীকৃতি পাবো এমনটাই আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে প্রধান সমন্বয়ক এস এম জামাল বলেন, সাংবাদিকতার পথিকৃৎ কাঙ্গাল হরিনাথ মজুমদার এই কুষ্টিয়া তথা কুমারখালিতে জন্মগ্রহন করেছেন। গ্রাম বার্তা প্রকাশিকার মধ্য দিয়ে তিনি সমাজের নির্যাতিত নিপীড়িত মানুষের কথা তুলে ধরেছেন। তাঁর হাত ধরেই এই কুষ্টিয়া জেলা সাংবাদিকতার উর্বরভুমি হিসেবেও পরিচিতি লাভ করেছে।

এ জেলা থেকে সাপ্তাহিক, পাক্ষিক ও দৈনিক মিলিয়ে প্রায় ৫৬ টি

পত্রিকা প্রকাশ হয়ে আসছে। পত্রিকার এই ভীড়ে মেহেরপুর প্রতিদিন পত্রিকার এই কুষ্টিয়া ব্যুরো অফিস আমাদের পত্রিকার নতুন মাইল ফলক হিসেবে কাজ করবে। তাই কুষ্টিয়ার উন্নয়ন ও সম্ভাবনার কথা তুলে ধরে মেহেরপুর প্রতিদিন পত্রিকাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে সকলের সহযোগিতা কামনা করেন।

এসময় প্রতিদিনের সংবাদের কুষ্টিয়া প্রতিনিধি রবিউল ইসলাম ইভান, আন্দোলনের বাজার পত্রিকার ভেড়ামারা প্রতিনিধি আবু ওবাইদা আল মাহাদী, ক্যামেরাপারসন রাশেদ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সাব্বিরের উদ্যোগে সবজি বিতরণ

বর্তমান করোনা পরিস্থিতিতে মানবেতর জীবনযাপন করছেন সমাজের নিম্ন এবং নিম্নমধ্যবিত্ত পরিবারের সদস্যরা। অনাহারে কাটছে অনেক মানুষের জীবন। সমাজের মানুষদের এই অসহায়ত্ব পাশে দাড়িয়েছেন মেহেরপুরের মুখার্জি পাড়ার সাব্বির আহমেদ।

শনিবার সকাল ১০ টায় মেহেরপুরের থানা চত্বর এলাকায় সবজি বিতরণ করেন।

তিনি বলেন, বিগত ৫০ দিন যাবৎ খাদ্য সামগ্রী বিতরণের কাজ করছি। টিউশনির টাকা থেকে শুরু হলেও বর্তমানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক,আত্মীয়-স্বজন এবং মেসডা নামক সংগঠনের সহযোগিতায় অসহায় মানুষদের মাঝে খাদ্য সামগ্রী পৌঁছিয়ে দিয়ে কাজ করে যাচ্ছি।

সাব্বিরের নেওয়া উদ্যোগের মধ্যে রয়েছে মানবতার দেয়ালের আদলে খাদ্য সামগ্রীর ফ্রি দোকান, ইদ উপহার, ইফতার সামগ্রী, বাড়ি বাড়ি খাদ্য সামগ্রী, সবজি যাবে আপনার বাড়ি, প্রয়োজনীয় ঔষধ, মাস্ক বিতরণ, সচেতনতামূলক লিফলেট বিতরণ, জীবাণুনাশক ব্লিচিং পাউডার স্প্রে সহ আরো অনেক কার্যক্রম। জানা যায়, মানুষের সহযোগিতা অব্যাহত থাকলে তাদের এইসব কার্যক্রম অব্যাহত থাকবে।

স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করছে নাঈম, রাব্বি, আকাশ, বর্ষা, নান্নু, পিয়াস, বন্না, তানভীর, আকাশ সহ অনেকে।